

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৩.২৪.২৬

তারিখ: ৫ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১৮ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: আমন সংগ্রহ ২০২৪-২০২৫ মৌসুমে নির্ধারিত মেয়াদে শতভাগ চাল সংগ্রহ নিশ্চিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি আমন সংগ্রহ ২০২৪-২৫ মৌসুমে ৫.৫০ লাখ মে.টন সিদ্ধ চাল ও ১.০০ লাখ মে.টন আতপ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে ১৬.০২.২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত সারাদেশে ৩,৮৭,৮০৮ মে.টন সিদ্ধ ও ৭১,৯৬৫ মে.টন আতপ চাল সংগৃহীত হয়েছে, যার বিভাগভিত্তিক চিত্র নিম্নরূপ:

| ক্র. নং | বিভাগের নাম | লক্ষ্যমাত্রা (মে.টন) | | ক্রমপুঞ্জিত সংগ্রহ (মে.টন) | | সংগ্রহের হার | | সংগ্রহের অবশিষ্ট পরিমাণ (মে.টন) | |
|----------|-------------|----------------------|--------|----------------------------|-------|--------------|--------|---------------------------------|-------|
| | | সিদ্ধ | আতপ | সিদ্ধ | আতপ | সিদ্ধ | আতপ | সিদ্ধ | আতপ |
| ১. | রাজশাহী | ১১১২৬৩ | ২১৮৯১ | ৮১৮৪২ | ১৫২৭৭ | ৭৩.৫৬% | ৬৯.৭৯% | ২৯৪২১ | ৬৬১৪ |
| ২. | রংপুর | ১৪০৭৯০ | ১৮১৬৪ | ১২১৯৫৭ | ১৩৮৩৫ | ৮৬.৬২% | ৭৬.১৭% | ১৮৮৩৩ | ৪৩২৯ |
| ৩. | ঢাকা | ৫১৯৭১ | ১৮১১ | ৩৪২৮৬ | ১২৯৬ | ৬৫.৯৭% | ৭১.৫৬% | ১৭৬৮৫ | ৫১৫ |
| ৪. | ময়মনসিংহ | ৭৬১৯৪ | ৪২৯৯ | ৩৮৮১৯ | ১১৮১ | ৫০.৯৫% | ২৭.৪৭% | ৩৭৩৭৫ | ৩১১৮ |
| ৫. | খুলনা | ৭৪৩৩৫ | ৪২৫২ | ৪৯৩৩৮ | ২৩৫০ | ৬৬.৩৭% | ৫৫.২৭% | ২৪৯৯৭ | ১৯০২ |
| ৬. | চট্টগ্রাম | ৫৮৪১০ | ২৬৯৭৫ | ৩৫৫৭৭ | ১৮৬৫০ | ৬০.৯১% | ৬৯.১৪% | ২২৮৩৩ | ৮৩২৫ |
| ৭. | সিলেট | ১৪৮১৭ | ২২৫০৪ | ৭৬৯৯ | ১৯৩০৮ | ৫১.৯৬% | ৮৫.৮০% | ৭১১৮ | ৩১৯৬ |
| ৮. | বরিশাল | ২২২২০ | ১০৪ | ১৮২৯০ | ৬৮ | ৮২.৩১% | ৬৫.৩৮% | ৩৯৩০ | ৩৬ |
| সর্বমোট= | | ৫৫০০০০ | ১০০০০০ | ৩৮৭৮০৮ | ৭১৯৬৫ | ৭০.৫১% | ৭১.৯৭% | ১৬২১৯২ | ২৮০৩৫ |

সিদ্ধ ও আতপ চালের নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে সংগ্রহের অবশিষ্ট পরিমাণ যথাক্রমে ১৬২১৯২ মে.টন ও ২৮০৩৫ মে.টন। অভ্যন্তরীণ সংগ্রহ নীতিমালা ২০১৭ এর নির্দেশনা মোতাবেক শতভাগ সংগ্রহ সম্পন্ন করতে হবে। ব্যর্থ মিলারের বিরুদ্ধে অত্যাৱশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আমন সংগ্রহ অভিযান সফল করার লক্ষ্যে সকল জেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(কারিগরি), কারিগরি খাদ্য পরিদর্শক ও ভারপ্রাপ্ত কর্মকর্তাকে যথাযথ নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো। চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১৮-০২-২০২৫

মোঃ মনিরুজ্জামান

পরিচালক

+৮৮-০২-৪১০৫০১৭৮

dproc@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৩.২৪.২৬/১ (৫)

৫ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৮ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৩। উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্য উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৫। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।



১৮-০২-২০২৫
মোঃ মনিরুজ্জামান
পরিচালক